বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# মনিরামপুর সমিতি, ঢাকা

## MANIRAMPUR SAMITY, DHAKA

# গঠনতন্ত্র

প্রতিষ্ঠা: ২০২১ খ্রিষ্টাব্দ

রেজিষ্ট্রেশন নম্বর: ঢ-০১০০৪৮ , তারিখ: ০৩/০৪/২০২৪ খ্রিস্টাব্দ

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

## প্রথম অধ্যায়
## নাম, উদ্দেশ্য, মর্যাদা

ধারা-১। নামঃ

এই সমিতি **"মনিরামপুর সমিতি, ঢাকা"** (Manirampur Samity, Dhaka) নামে অভিহিত হইবে।

ধারা-২। ব্যাখ্যাঃ

(১) কোন কিছু উল্লেখিত না থাকিলে গঠনতন্ত্রে সর্বত্র সমিতি বলিতে **"মনিরামপুর সমিতি, ঢাকা"** কে বুঝাইবে, যা একটি অরাজনৈতিক সংগঠন হিসেবে বিবেচিত হইবে।

(২) **মনোগ্রাম ও পতাকাঃ** এ সমিতির নিজস্ব মনোগ্রাম ও পতাকা থাকিবে।

ধারা-৩। উদ্দেশ্যঃ

(১) ঢাকা মহানগরীতে বসবাসরত মনিরামপুর উপজেলার লোকদের মধ্যে ঐক্য, সৌহার্দ্য ও ভাবধারা গড়িয়া তোলা এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করা।

(২) ঢাকা মহানগরীতে বসবাসরত মনিরামপুর উপজেলার বিভিন্ন জনগণের বিভিন্ন সমস্যা সমাধান কল্পে সহযোগিতা করা।

(৩) ঢাকা মহানগরীতে বসবাসরত মনিরামপুর উপজেলার মানুষের মধ্যে পারস্পরিক সুসম্পর্ক স্থাপন, চিত্ত বিনোদনের ব্যবস্থা করা, স্থানীয় সংস্কৃতি চর্চা ও মনিরামপুরের সার্বিক উন্নয়নের সহায়তা করা।

(৪) ঢাকা মহানগরীতে বসবাসরত মনিরামপুর উপজেলার কিশোর যুব সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সখ্যতা বৃদ্ধি এবং মনিরামপুর এলাকার সংগে তাহাদের সংযোগ বৃদ্ধির ব্যবস্থা করা।

(৫) মনিরামপুর উপজেলার সার্বিক উন্নয়ন কল্পে সর্ব প্রকার প্রচেষ্টা চালানো এবং বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে কর্মকান্ডে অংশগ্রহন ও সাহায্য করা।

(৬) মনিরামপুর উপজেলার অধিবাসীদের কর্মসংস্থান এবং দুঃস্থ অসহায় লোকদের অন্ন, বস্ত্র, চিকিৎসা ইত্যাদি বিষয়ে সহায়তা করা।

(৭) মনিরামপুর উপজেলার সমাজসেবা, সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান ও জনকল্যাণমুলক সমিতি গঠনে উৎসাহ প্রদান করা এবং এই রকম সমিতিকে সহযোগিতা প্রদান করা।

(৮) মনিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নয়নে সহযোগিতা প্রদান করা।

(৯) মনিরামপুর উপজেলার কিশোর, যুব ও ছাত্র সম্প্রদায়কে পুরস্কার, বৃত্তি অথবা অনুরুপ প্রেরণামুলক ব্যবস্থার মাধ্যমে সুনাগরিক হিসাবে গড়িয়া উঠিতে উৎসাহিত করা এবং দেশ গড়ার কাজে তাহাদের উদ্বুদ্ধ করা।

(১০) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়ণরত মনিরামপুর উপজেলার (অস্বচ্ছল) মেধাবী শিক্ষার্থীদের সার্বিক সহযোগিতা প্রদান করা।

(১১) জ্ঞান-বিজ্ঞান, শিল্প সাহিত্য, মননশীলতা, সমাজসেবা, জনকল্যাণ, খেলাধুলাসহ বিভিন্নক্ষেত্রে কৃতি মনিরামপুর উপজেলার বিশিষ্ট ব্যক্তিদের এবং মনিরামপুর উপজেলার উন্নয়নে বিশেষ অবদান রহিয়াছে এমন ব্যক্তিদের সংবর্ধনা ও সম্মাননা প্রদান করা।

(১২) প্রাকৃতিক দূর্যোগ কবলিত এলাকায় সাহায্যের কর্মসুচী গ্রহন করা।

পরিক্ষীত

অনুমোদিত
২৮/১/২৫
নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(১৩) দেশের ভিতরে বা বাইরে অন্যান্য সমাজকল্যাণ মুলক প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ রক্ষা করা ও সহযোগিতা বৃদ্ধি করা।

(১৪) নৈতিক অবক্ষয় রোধ এবং সামাজিক দূর্নীতি ও অনাচার দুর করিয়া সকলের জন্য কল্যাণকর সুন্দর সমাজ গড়ে তোলার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালাইয়া যাওয়া।

**ধারা-৪। মর্যাদা:**

(১) সমিতি একটি সম্পূর্ণ অরাজনৈতিক সমাজসেবা মুলক সংস্থা হইবে।

(২) সমিতি বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট বিভাগে নিবন্ধনকৃত থাকিবে।

**ধারা-৫। কার্যালয়:**

সমিতির কেন্দ্রীয় কার্যালয় ঢাকা মহানগরীতে অবস্থিত হইবে এবং নিজস্ব ওয়েব সাইড, ইমেইল এবং ফেসবুক আইডি থাকিবে।

**ধারা-৬। কার্যবর্ষ:**

১লা জানুয়ারী হইতে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত সময় সমিতির কার্যবর্ষ হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## সদস্যের শ্রেণী বিভাগ, চাঁদা, অধিকার ও দায়িত্ব

**ধারা-৭। সমিতির সদস্যদের শ্রেণী বিভাগ নিম্নরুপ হইবে:**

(১) আজীবন সদস্য, (২) শিক্ষার্থী সদস্য, (৩) সহযোগী সদস্য, (৪) সম্মানিক সদস্য, (৫) দাতা সদস্য।

**ধারা-৮। যোগ্যতা:**

(১) **আজীবন সদস্য:** বৃহত্তর ঢাকা মহানগরীতে স্থায়ী বা অস্থায়ীভাবে বসবাসরত অথবা ঢাকা মহানগরীতে কোন পেশায় নিয়োজিত অন্যূন ১৮ (আঠার) বৎসর বয়স্ক জাতীয় পরিচয়পত্রধারী মনিরামপুর উপজেলার অধিবাসী যে কোন ব্যক্তি আজীবন সদস্য হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(২) **শিক্ষার্থী সদস্য:**

(ক) সমিতির তত্ত্বাবধানে ছাত্রদের নিজস্ব ১৩ সদস্য বিশিষ্ট "মনিরামপুর উপজেলা ছাত্র কল্যাণ সমিতি, ঢাকা" শিরোনামে একটি কার্যকরী পরিষদ থাকবে। যা শিক্ষার্থী সদস্যদের ভোটে নির্বাচিত হবে।

(খ) শিক্ষার্থী সদস্যদের বয়স ন্যূনতম ১৮ (আঠার) বছর হতে হবে।

(গ) মনিরামপুর উপজেলার বাসিন্দা ঢাকায় বসবাসকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক পাস এবং যে কোনো কলেজ বা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্র। তবে মাস্টার্স পাশের অধিক নয়।

(৩) **সহযোগী সদস্য:** মনিরামপুর উপজেলার মননশীলতা ও উন্নয়নে বিশেষ অবদান প্রদানকারী অন্যূন ২৫ বৎসর বয়স্ক যে কোন ব্যক্তি সহযোগী সদস্য হওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। সহযোগী সদস্যগণের কোন ভোটাধিকার থাকবে না।

(৪) **সম্মানিক সদস্য:** মনিরামপুর উপজেলার শুভাকাঙ্খী ও উন্নয়নে বিশেষ অবদানকারী ব্যক্তিদেরকে নির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে সম্মানিক সদস্য পদ প্রদান করা হবে। সম্মানিক সদস্যগণের কোন ভোটাধিকার থাকবে না।

অনুমোদিত
২৮/১/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

পরিক্ষিত



ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

প্রকৌ মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(৫) **দাতা সদস্যঃ** মনিরামপু সমিতি, ঢাকা এর উন্নয়ন কর্মকান্ডে বিশেষ অবদানের জন্য কোন ব্যক্তি এককালীন ন্যুনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা দান করলে তিনি কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে দাতা সদস্য হিসেবে গণ্য হবেন। দাতা সদস্যদের ভোটাধিকার থাকবে না। তবে একই ব্যক্তি দাতা এবং আজীবন সদস্য হলে তিনি আজীবন সদস্যের সকল অধিকার ভোগ করতে পারবেন।

**ধারা-৯। চাঁদাঃ**

(১) আজীবন সদস্য পদের চাঁদা এককালীণ অন্যূন ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা।

(২) একজন শিক্ষার্থী তার শিক্ষা জীবনে শুধুমাত্র একবার ২০০/- (দুইশত) টাকা সদস্য ফি জমা দিয়ে শিক্ষার্থী সদস্য হতে পারবেন।

(৩) সহযোগী সদস্য পদের জন্য চাঁদা প্রদান আবশ্যিক নয়।

(৪) সম্মানিক সদস্য পদের জন্য চাঁদা প্রদান আবশ্যিক নয়।

(৫) দাতা সদস্য পদের জন্য দান-অনুদান হিসেবে এককালীণ অন্যূন ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) টাকা প্রদান করবেন।

**ধারা-১০। সদস্য পদ লাভঃ**

(১) আজীবন সদস্য হওয়ার যোগ্য ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত আবেদনপত্র কার্যনির্বাহী পরিষদ অনুমোদন করিলে আবেদনকারী এককালীন ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা চাঁদা প্রদান করিয়া আজীবন সদস্য পদ গ্রহন করিতে পারিবেন।

(২) শিক্ষার্থী সদস্য হওয়ার যোগ্য শিক্ষার্থীর নিকট হইতে প্রাপ্ত আবেদনপত্র কার্যনির্বাহী পরিষদ অনুমোদন করিলে আবেদনকারী শুধুমাত্র একবার ২০০/- (দুইশত) টাকা চাঁদা প্রদান করিয়া শিক্ষার্থী সদস্য পদ গ্রহন করিতে পারিবেন।

(৩) কার্যনির্বাহী পরিষদ কোন যোগ্য ব্যক্তিকে তাঁহার সম্মতিক্রমে সহযোগী সদস্য হিসাবে গ্রহন করিতে পারিবেন। তিনি সেচ্ছায় সমিতির অনুকুলে কোন দান অনুদান করিলে তাহা সম্মানের সাথে গৃহিত হবে।

(৪) কার্যনির্বাহী পরিষদ কোন যোগ্য ব্যক্তিকে তাঁহার সম্মতিক্রমে সম্মানিক সদস্য হিসাবে গ্রহন করিতে পারিবেন। তিনি সেচ্ছায় সমিতির অনুকুলে কোন দান অনুদান করিলে তাহা সম্মানের সাথে গৃহিত হবে।

(৫) কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে কোন ব্যক্তি এককালীণ দান-অনুদান হিসেবে অন্যূন ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) টাকা প্রদান করিলে তাঁকে দাতা সদস্য হিসেবে গণ্য করা হবে।

**ধারা-১১। অধিকার ও দায়িত্বঃ**

(১) সকল প্রকার সদস্য গঠনতন্ত্র ও সমিতি কর্তৃক প্রবর্তিত আইন কানুন মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

(২) সমিতিতে সকল সদস্যের অধিকার সমান। তবে শুধুমাত্র আজীবন সদস্যবৃন্দই কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে অংশগ্রহন করিতে পারিবেন।

(৩) সকল সদস্যই সাধারণ পরিষদের সভায় যোগদান করিতে পারিবেন। তবে প্রার্থী বা ভোটার হওয়ার জন্য আজীবন সদস্য হইতে হইবে।

অনুমোদিত
২৪/২/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

পরিক্ষীত

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

## তৃতীয় অধ্যায়
## সাধারণ পরিষদ

**ধারা-১২। গঠন ও দায়িত্বঃ**

(১) সমিতির সকল আজীবন সদস্য সমন্বয়ে সাধারণ পরিষদ গঠিত হইবে।

(২) সাধারণ পরিষদ সমিতির সর্বোচ্চ কর্তৃপক্ষ বলিয়া গন্য হইবে।

## কার্যনির্বাহী পরিষদ

**ধারা-১৩। কার্যনির্বাহী পরিষদঃ**

মনিরামপুর সমিতি, ঢাকা এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত ১৭ (সতের) সদস্যের সমন্বয়ে কার্যনির্বাহী পরিষদ গঠিত হইবে ঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | সভাপতি | ঃ | ১ জন |
| ২. | সহসভাপতি | ঃ | ২ জন |
| ৩. | সাধারণ সম্পাদক | ঃ | ১ জন |
| ৪. | যুগ্ম সাধারণ সম্পাদক | ঃ | ১ জন |
| ৫. | কোষাধ্যক্ষ | ঃ | ১ জন |
| ৬. | সাংগঠনিক সম্পাদক | ঃ | ১ জন |
| ৭. | দপ্তর ও প্রচার সম্পাদক | ঃ | ১ জন |
| ৮. | আইন ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ৯. | মহিলা বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ১০. | স্বাস্থ্য, পরিবেশ ও কৃষি বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ১১. | শিক্ষা, বৃত্তি ও আইসিটি বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ১২. | ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ১৩. | ছাত্র বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ১৪. | কার্যনির্বাহী সদস্য | ঃ | ৩ জন |
| | মোট | ঃ | ১৭ জন |

**ধারা-১৪। কার্যনির্বাহী পরিষদের দায়িত্বঃ**

(১) সমিতির ব্যবস্থাপনা কার্যনির্বাহী পরিষদের উপর ন্যস্ত থাকিবে।

(২) সাধারণতঃ ~~তিন~~ দুই কার্যবর্ষ কার্যনির্বাহী পরিষদের মেয়াদ বলিয়া গণ্য হইবে।

(৩) গঠনতন্ত্রে সন্নিবেশিত নিয়ম কানুন অনুযায়ী কার্যনির্বাহী পরিষদ সমিতির উদ্দেশ্য বাস্তবায়নে সর্বদা সচেষ্ট থাকিবেন।

(৪) সাধারণ পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্তাবলী কার্যকর করার জন্য কার্যনির্বাহী পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) সমিতির তহবিল পরিচালনা ও সংরক্ষণের দায়িত্ব কার্যনির্বাহী পরিষদের উপর থাকিবে।

(৬) কার্যনির্বাহী পরিষদ সমিতির আয়-ব্যয় সহ বার্ষিক কার্যাবলীর বিবরণ বার্ষিক সাধারণ সভায় পেশ করিবেন।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(৭) প্রয়োজনে কার্যনির্বাহী পরিষদ হিসাব নিকাশ পরীক্ষার জন্য একজন অডিটর নিয়োগ করিবেন।

(৮) নির্বাচনী বৎসরের বার্ষিক সাধারণ সভার দুই মাস পূর্বে কার্যনির্বাহী পরিষদ একজন নির্বাচন কমিশনার সহ ৩ সদস্যের একটি নির্বাচন কমিশন গঠন করিবেন। এ ক্ষেত্রে কোন দ্বিমত দেখা দিলে সে ক্ষেত্রে সভাপতির সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।

(৯) প্রয়োজনবোধে কার্যনির্বাহী পরিষদ উপ পরিষদ গঠন করিতে পারিবেন। এই উপ পরিষদে কার্যনির্বাহী পরিষদ বহির্ভুত সদস্যদের অন্তর্ভুক্ত করা যাইবে।

(১০) নতুন কার্যনির্বাহী পরিষদ নির্বাচিত হওয়ার পর বিদায়ী কার্যনির্বাহী পরিষদ এক মাসের মধ্যে নব নির্বাচিত কার্যনির্বাহী পরিষদকে কার্যভার বুঝাইয়া দিবেন।

(১১) বর্তমান কার্যনিবাহী পরিষদ মেয়াদ উত্তীর্ণের পর ১ (এক) মাসের মধ্যে দায়িত্ব হস্তান্তর না করিলে তাহার পরের দিন হইতে নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ দায়িত্ব প্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(১২) নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

**ধারা-১৫। কার্যনির্বাহী পরিষদের সদস্যদের কর্তব্য:**

**সভাপতি:**

(ক) সভাপতি সমিতির প্রধান বলিয়া গন্য হইবেন।

(খ) তিনি সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের সভা সহ সমিতির সকল সভার সভাপতিত্ব করিবেন।

(গ) সভার যে কোন বৈধতার প্রশ্ন অথবা যে কোন আইনের ব্যাখ্যায় তাঁহার সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে। সভায় শৃংখলা বজায় রাখার জন্য তিনি তাঁহার বিবেচনায় উপযুক্ত নির্দেশ দিতে পারিবেন।

(ঘ) তিনি বিশেষ জরুরী অবস্থায় সমিতির যে কোন পরিষদের সভা আহবান করিতে পারিবেন।

(ঙ) যদি কোন সিদ্ধান্ত ভোটের সমতা দেখা দেয় তবে সভাপতি নির্ণয়ক ভোট দিতে পারিবেন।

**সহ-সভাপতি:** সভাপতির অনুপস্থিতিতে বয়োজ্যেষ্ঠ সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন। সভাপতি ও বয়োজ্যেষ্ঠ সহ-সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ক্রমানুশানে অপর সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করিবেন।

**সাধারণ সম্পাদক:**

(ক) তিনি সমিতির যাবতীয় প্রশাসনিক কার্য পরিচালনা করিবেন এবং কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করিবেন।

(খ) তিনি সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের সভা আহবান করিবেন এবং প্রত্যেকটি সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিবেন।

(গ) তিনি সমিতির সকল নথিপত্র সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করিবেন।

(ঘ) তিনি প্রত্যেক বৎসরের শুরুতে কার্যনির্বাহী পরিষদের সভায় উক্ত বৎসরের বাজেট পেশ করিবেন।

(ঙ) তিনি বার্ষিক কার্যবিবরণী প্রস্তুত করিবেন এবং কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে উহা বার্ষিক সাধারণ সভায় পেশ করিবেন।

পরিদর্শিত

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(চ) তিনি সমিতির দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য সর্বোচ্চ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা তাঁহার নিকট নগদ রাখিতে পারিবেন।

(ছ) তিনি মাস ওয়ারী আয়-ব্যয় হিসাব সভাপতির নিকট মাস শেষে এবং পরবর্তী কার্যনির্বাহী পরিষদের সভায় পেশ করিবেন।

**যুগ্ন-সাধারণ সম্পাদক:** তাঁহারা সাধারণ সম্পাদককে তাঁহার দায়িত্ব ও কর্তব্য পালনে সাহায্য করিবেন এবং কার্য নির্বাহী পরিষদ কর্তৃক প্রদত্ব অংশ বিশেষ দায়িত্ব পালন করিবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ন সম্পাদক জ্যেষ্ঠতা ক্রমানুসারে কার্যনির্বাহী পরিষদের নির্দেশক্রমে সাধারণ সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

**কোষাধ্যক্ষ:**

(ক) সমিতির তহবিল সংরক্ষণ ও আয় ব্যয় হিসাব সংক্রান্ত যাবতীয় দায়িত্ব তাঁহার উপর ন্যস্ত থাকিবে এবং তিনি প্রয়োজনীয় নথিপত্র রক্ষণাবেক্ষণ করিবেন।

(খ) অনুমোদিত বাজেট বরাদ্দকৃত অথবা কার্য নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত এবং ঐ উদ্দেশ্য প্রণীত নিয়ম অনুযায়ী সকল প্রকার খরচের অর্থ প্রদানের ক্ষমতা তাহার থাকিবে।

(গ) বৎসর শেষে তিনি বাৎসরিক আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব কার্য নির্বাহী পরিষদের নিকট পেশ করিবেন এবং তাহা বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করিবেন।

(ঘ) তিনি সমিতির দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য সর্বোচ্চ ৩,০০০ (তিন হাজার) টাকা তাহার নিকট নগদ রাখিতে পারিবেন।

**সাংগঠনিক সম্পাদক:** তিনি সমিতির প্রবৃদ্ধি ও শ্রীবৃদ্ধির জন্য সর্বাত্নক কর্মসুচী প্রনয়ণ ও বাস্তবায়ণের জন্য দায়ী থাকিবেন। ঢাকাস্থ মনিরামপুরবাসীর মধ্যে সহমর্মী মনোভাব গড়িয়া তুলিতে তিনি সমিতির মূখপাত্র হিসাবে কার্যরত থাকবেন। সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধি তার কার্যক্রমের মূখ্য উদ্দেশ্য হিসাবে গণ্য হইবে। সহ-সাংগঠনিক সম্পাদক সর্বদা সাংগঠনিক সম্পাদককে তার কাজে সহযোগিতা করিবেন এবং সাংগঠনিক সম্পাদকের অনুপস্থিতে সাংগঠনিক দায়িত্ব পালন করিবেন।

**দপ্তর ও প্রচার সম্পাদক:**

**(ক)** তিনি সাধারণ সম্পাদকের নির্দেশিত মতে অফিসের কার্যাবলী পরিচালনা করিবেন। চিঠি পত্র আদান প্রদান, রেকর্ড পত্র রক্ষণাবেক্ষন এবং অফিসের সাধারণ ব্যবস্থাপনার দায়িত্ব পালন করিবেন। কার্য নির্বাহী পরিষদ সভা ও বিভিন্ন উপ পরিষদ সভার নোটিশ প্রদান করিবেন এবং তদ্সমুদয়ের ধারা বিবরণী লিপিবব্ধ করিবেন।

**(খ)** তিনি সমিতির যাবতীয় কার্যক্রম ও কর্মকান্ডের বিবরণ ঢাকার বিভিন্ন জাতীয় পত্রিকা, মনিরামপুর হইতে প্রকাশিত আঞ্চলিক পত্রিকা সমুহ, বেতার, টেলিভিশন ও সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহন করবেন। সমিতির যে কোন বিজ্ঞপ্তি প্রকাশনার দায়িত্ব পালন করবেন। সমিতির পক্ষ হইতে বিভিন্ন অনুষ্ঠান ও উৎসব উল্লেখিত পত্রিকায় ক্রোড়পত্র অথবা স্মরনিকা প্রকাশের ব্যবস্থা গ্রহন করিবেন।

**আইন ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক:**

(ক) তিনি সমিতির আইন বিষয়ক সকল কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে দায়িত্ব পালন করিবেন। প্রয়োজনে সদস্যগণকে আইনি সহয়তা প্রদান করিবেন।

(খ) তিনি সমাজ কল্যাণ মুলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে দায়িত্ব পালন করিবেন। তিনি আর্তমানবতার সেবায় সমিতির কার্যক্রম গ্রহণ করিবেন।

**ড. মোঃ মিজানুর রহমান**
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

পরিক্ষীত

অনুমোদিত
২৪/১/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

**প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা**
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

**মহিলা বিষয়ক সম্পাদক:** তিনি মহিলা ও শিশু কল্যাণমুলক যাবতীয় কার্যক্রম প্রনয়ণ ও তা বাস্তবায়ণে সার্বিক দায়িত্ব পালন করিবেন।

**স্বাস্থ্য, পরিবেশ ও কৃষি বিষয়ক সম্পাদক:**

(ক) তিনি সমিতির সদস্যগণসহ মনিরামপুরবাসীর স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে দায়িত্ব পালন করিবেন এবং মেডিকেল ক্যাম্প, চক্ষু ক্যাম্প, রক্তদানসহ স্বাস্থ্য সেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করিবেন।

(খ) তিনি সমসাময়িক পরিস্থিতির উপর পরিবেশ বিষয়ক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে দায়িত্ব পালন করিবেন।

(গ) তিনি সমসাময়িক পরিস্থিতির উপর কৃষি বিষয়ক যুগোপযোগী বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে দায়িত্ব পালন করিবেন।

**শিক্ষা, বৃত্তি ও আইসিটি বিষয়ক সম্পাদক:** তিনি শিক্ষা সংক্রান্ত সহায়তা, বৃত্তি প্রদান সংক্রান্ত ও আইসিটি বিষয়ে দায়িত্ব পালন করিবেন।

**ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক:**

(ক) তিনি ক্রীড়ামুলক কার্যক্রমের সার্বিক দায়িত্ব পালন করিবেন।

(খ) তিনি সমিতির বাজেটের আওতাধীণ সাহিত্য ও সাংস্কৃতিক কার্যক্রম অথবা কার্যকরী সংসদের অনুমোদনক্রমে সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে সার্বিক দায়িত্ব পালন করবেন। প্রয়োজন বোধে বিভিন্ন প্রকার বিনোদন ও কৃষ্টি মুলক অনুষ্ঠান যেমন প্রদর্শণী, সেমিনার, সিনেমা শো, বিচিত্রানুষ্ঠান ও যাদু অনুষ্ঠান ইত্যাদির ব্যবস্থা করিবেন।

**ছাত্র বিষয়ক সম্পাদক:** মণিরামপুর সমিতির কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের সংগঠিত করিবেন। তিনি ছাত্র ছাত্রীদের ভর্তি, আবাসন ব্যবস্থাসহ ছাত্রদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সহায়তা প্রদান করিবেন এবং বিভিন্ন সময়ে সমিতির কার্যনিবাহী পরিষদ কর্তৃক আরোপিত দায়িত্ব যথাযথভাবে পালন করিবেন।

**কার্য নির্বাহী পরিষদ সদস্য:** সভাপতি ও সাধারণ সম্পাদকের অনুরোধে কার্যনির্বাহী পরিষদকে বিভিন্ন কাজে সহায়তা করিবেন।

### উপদেষ্ঠা পরিষদ

**ধারা-১৬। উপদেষ্ঠা পরিষদ গঠন:**

(১) যশোর-৫ মনিরামপুর সংসদীয় আসন থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য পদাধিকার বলে এই সমিতির প্রধান উপদেষ্টা হইবেন।

(২) সমিতির সদস্যদের মধ্যে (যাহার বয়স ৪৫ বছরের কম নহে) অনধিক ১৫ জন বিশিষ্ট উপদেষ্টা পরিষদ গঠিত হইবে।

(৩) কার্যনির্বাহী পরিষদের প্রথম সভায় উপদেষ্টা পরিষদ গঠন করিবেন।

(৪) কার্যনির্বাহী পরিষদের কোন কর্মকর্তা বা সদস্য উপদেষ্টা পরিষদের সদস্য হইতে পারিবেন না।

অনুমোদিত
২৪/১২/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

পরিক্ষীত

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(৫) পদাধিকার বলে সমিতির সভাপতি এবং সাধারণ সম্পাদক উপদেষ্টা পরিষদের সদস্য হিসাবে বিবেচিত হইবেন।

(৬) উপদেষ্টা পরিষদের মেয়াদকাল হবে ~~তিন~~ দুই বছর। তবে কার্যনির্বাহী পরিষদ মনে করলে নির্দিষ্ট মেয়াদের পূর্বে উপদেষ্টা পরিষদ বিলুপ্ত বা পূনর্গঠন করতে পারবে।

## শিক্ষার্থী পরিষদ

**ধারা-১৭। শিক্ষার্থী পরিষদ গঠন:**

ঢাকায় অধ্যায়ণরত সকল শিক্ষার্থী সদস্য সমন্বয়ে শিক্ষার্থী পরিষদ গঠিত হইবে যা "ঢাকাস্থ মনিরামপুর উপজেলা ছাত্র কল্যাণ সমিতি" নামে বিবেচিত হইবে।

ধারা-১৮। "ঢাকাস্থ মনিরামপুর উপজেলা ছাত্র কল্যাণ সমিতি" গঠন ও কার্যাবলী তদারকির জন্য একটি শিক্ষার্থী বিষয়ক উপকমিটি থাকিবে। এই উপকমিটির গঠন নিম্নরুপ হইবে:

| | | | |
|---|---|---|---|
| ১. | সভাপতি | ঃ | ১ জন |
| ২. | সহসভাপতি | ঃ | ১ জন |
| ৩. | সাধারণ সম্পাদক | ঃ | ১ জন |
| ৪. | যুগ্ম সাধারণ সম্পাদক | ঃ | ১ জন |
| ৫. | কোষাধ্যক্ষ | ঃ | ১ জন |
| ৬. | সাংগঠনিক সম্পাদক | ঃ | ১ জন |
| ৭. | ছাত্র বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ৮. | ছাত্রী বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ৯. | শিক্ষা, বৃত্তি ও আইসিটি বিষয়ক সম্পাদক | ঃ | ১ জন |
| ১০. | কার্যনির্বাহী সদস্য | ঃ | ৪ জন |
| | মোট | ঃ | ১৩ জন |

(২) কার্যনির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে পরামর্শক্রমে শিক্ষার্থী বিষয়ক উপ-কমিটি বর্ণিত ছাত্র কল্যাণ সমিতিকে সুসংগঠিত করিবেন।

(৩) ছাত্র কল্যাণ সমিতি গঠনের জন্য নির্বাচন প্রয়োজন হইলে নির্বাচন পদ্ধতি কার্যনির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) ছাত্র কল্যাণ সমিতির কমিটির দায়িত্ব ও কর্তব্য কার্যনির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত হইবে।

(৫) ছাত্র কল্যাণ সমিতির মেয়াদকাল কমিটি গঠনের তারিখ হইতে দুই বৎসর হইবে।তবে কার্যনির্বাহী পরিষদ মনে করলে নির্দিষ্ট মেয়াদের পূর্বে উপদেষ্টা পরিষদ বিলুপ্ত বা পূনর্গঠন করতে পারবে।

**ধারা-১৯। সভার নিয়মাবলী:**

(ক) সাধারণ পরিষদ সভা: বছরে কমপক্ষে একবার বার্ষিক সাধারণ সভা অনষ্ঠিত হবে। তবে প্রয়োজনবোধে এক বছরের আগেও সভা আহবান করা যাবে। এই সভাতে পূর্ববর্তী বছরের কার্যকরী পরিষদের সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন, আয়-ব্যয়ের হিসাব এবং পরবর্তী বছরের জন্য বাজেট পেশ ও অনুমোদন ইত্যাদি কার্যাবলী সম্পন্ন করা হবে। সাধারণ সম্পাদক এই রকম সভা সভাপতির সাথে আলোচনাক্রমে কমপক্ষে ১৫ দিনের বিজ্ঞপ্তিতে আহ্বান করিবেন এবং সকল সদস্যের নিকট ডাকযোগে, ই-মেইল, এসএমএস, হোয়াটসআপ এবং সোস্যাল মিডিয়ার মাধ্যমে সভার বিজ্ঞপ্তি প্রেরণ করিবেন।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

পরিকল্প



অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

সাধারণ পরিষদের সভায় কমপক্ষে দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি কোরাম বলিয়া বিবেচিত হইবে। তবে সদস্য সংখ্যা ১০০ এর অধিক হলে ৫১% উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে। গঠনতন্ত্র সংশোধনী সংক্রান্ত সাধারণ সভায় কোরাম দুই-তৃতীয়ংশ সদস্যের উপস্থিতিতে পূর্ণ হবে।

(খ) কার্যকরী পরিষদ সভা: কার্যকরী পরিষদ সভা বছরে কমপক্ষে ৪টি সভা অনুষ্টিত হবে। তবে প্রয়োজনবোধে ৪টির অধিক সভা আহবান করা যাবে। সভাপতির সঙ্গে পরামর্শ করে সাধারণ সম্পাদক সভার স্থান, তারিখ ও আলোচ্য বিষয় উল্লেখপূর্বক লিখিত নোটিশ জারী করবেন। কমপক্ষে ৫ (পাঁচ) দিনের নোটিশে উক্ত সভা আহবান করা যাবে। সকল সদস্যের নিকট ডাকযোগে, ই-মেইল, এসএমএস, হোয়াটসআপ এবং সোস্যাল মিডিয়ার মাধ্যমে সভার বিজ্ঞপ্তি প্রেরণ করিবেন। এই সভার কোরাম দুই-তৃতীয়ংশ সদস্যের উপস্থিতিতে পূর্ণ হবে।

(গ) **জরুরী সভা:**

(১) সাধারণ পরিষদের জরুরী সভা কমপক্ষে ৭ (সাত) দিনের নোটিশে এবং অতিজরুরী সাধারন সভা কমপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে অনুষ্ঠিত হবে। সভাপতির সঙ্গে পরামর্শ করে সাধারন সম্পাদক সভা আহবান করবেন। এই সভার কোরাম দুই-তৃতীয়ংশ সদস্যের উপস্থিতিতে পূর্ণ হবে।

(২) কার্যকরী পরিষদের জরুরী সভা কমপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে এবং অতি জরুরী সভা কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে অনুষ্ঠিত হবে। সভাপতির সঙ্গে পরামর্শ করে সাধারন সম্পাদক এই সভা আহবান করবেন। এই সভার কোরাম দুই-তৃতীয়ংশ সদস্যের উপস্থিতিতে পূর্ণ হবে।

(ঘ) **তলবী সভা:** সভাপতি ও সাধারন সম্পাদক দীর্ঘদিন কোন সভা আহবান না করলে সাধারন পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্য লিখিতভাবে নির্দিষ্ট আলোচ্যসূচীর ভিত্তিতে সভা আহবানের জন্য সভাপতিকে অনুরোধ করবেন। সভাপতি উক্ত নোটিশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে সভা আহবান না করলে সাধারন পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্য উক্ত নির্দিষ্ট আলোচ্যসূচীর উপর সভা আহবানের জন্য সাধারন সম্পাদককে অনুরোধ করবেন। উক্ত নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সাধারন সম্পাদক সভা আহবান করতে ব্যর্থ হলে সাধারন পরিষদের উক্ত সদস্যবর্গ তলবী সভা আহবান করে সভা অনুষ্ঠানের ব্যবস্থা করবেন এবং উক্ত সভায় উপস্থিত সদস্যের দুই-তৃতীয়াংশ সদস্যের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে। তবে নোটিশে বর্নিত আলোচ্যসূচী ছাড়া অন্যান্য কোন বিষয়ে আলোচনা করা যাবে না।

(ঙ) **মূলতবী সভা:**

কার্যকরী পরিষদের সভা, সাধারন পরিষদ সভা, গঠনতন্ত্র সংশোধনী সাধারন সভা বা জরুরী সভা কোরাম পূর্ণ না হওয়ার কারনে বা অন্য কোন কারনে মূলতবী হলে উক্ত সভা পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে অবশ্যই একই আলোচ্যসূচীর উপর অনুষ্ঠিত হবে। যদি উক্ত সভা কোরামের অভাবে মূলতবী হয় তবে পরবর্তী সভায় কোরাম পূর্ন না হলেও সভা যথারীতি অনুষ্ঠিত হবে এবং এই সভায় গৃহীত সিদ্ধান্ত বৈধ বলে গন্য হবে।

**ধারা-২০। শুন্যপদ:** কার্যনির্বাহী পরিষদের কোন পদ যে কোন কারণে শুন্য হইলে বা তিনি তিন মাসের অধিক সময়ের জন্য দেশের বাইরে গেলে বা অসুস্থতার কারণে কাজ করিতে অক্ষম হইলে কার্যনির্বাহী পরিষদ নির্বাহী পরিষদের সদস্যদের মধ্যে হইতে উক্ত পদ সামিয়ক কার্যনির্বাহী পরিষদ ভাবে পূরণ করিতে পারিবেন।

অনুমোদিত
২০২৫ ২৪/২/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

পরিবীক্ষিত

**ড. মোঃ মিজানুর রহমান**
**সাধারণ সম্পাদক**
**মনিরামপুর সমিতি, ঢাকা**

**প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা**
**সভাপতি**
**মনিরামপুর সমিতি, ঢাকা**

## চতুর্থ অধ্যায়
## নির্বাচন ও ভোট

**ধারা-২১। ভোটাধিকার:**

(১) আজীবন সদস্যগণ এক সদস্য এক ভোটের ভিত্তিতে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন। নির্বাহী পরিষদ নির্বাচনের ক্ষেত্রে বৈধ ভোটারগণ সমিতির জন্য গঠিত নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগ করিবেন।

(২) সাধারণ পরিষদের সভায় কেবলমাত্র তালিকাভুক্ত বৈধ ভোটারগণ ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন।

**ধারা-২২। নির্বাচন পদ্ধতি:**

(১) প্রতি ৩ (তিন) বৎসর অন্তর নির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ সাধারণ পরিষদের মধ্যে হইতে নির্বাচিত হইবেন।

(৩) কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে নির্বাচনের কমপক্ষে ২ (দুই) মাস পূর্বে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করিবেন। যার মধ্যে একজন প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন নির্বাচন কমিশনার নিযুক্ত হবেন। সাধারণ পরিষদের সদস্যদের মধ্যে যারা কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে আগ্রহী নহে এমন সদস্যও নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করতে পারবেন।

(৪) কার্যনির্বাহী পরিষদ নির্বাচনী নিয়ম ও আচরণ বিধি প্রণয়ন করিবেন। তাহার ভিত্তিতে নির্বাচন কমিশন নির্বাচনী তফশীল ঘোষণা ও নির্বাচন পরিচালনা করিবেন।

(৫) সমিতির একজন আজীবন সদস্য কার্যনির্বাহী পরিষদের একটি মাত্র পদের জন্য প্রতিদ্বন্দিতা করিতে পারিবেন।

(৬) সমিতির আজীবন সদস্য এককভাবে কার্যনির্বাহী পরিষদে নির্বাচনে প্রতিদ্বন্দিতা করিতে পারিবেন।

(৭) নির্বাচন কমিশন সদস্য সংগ্রহ, ভোটার তালিকা প্রণয়ন ও আপত্তি নিষ্পত্তি পূর্বক একটি চুড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন করিবেন।

(৮) কার্যনির্বাহী পরিষদে কার্যনির্বাহী সদস্য ব্যতিত অন্য কোন কার্যনির্বাহী পদে পরপর ২ (দুই) বার নির্বাচিত হওয়ার পর পূণরায় একই পদে এক ব্যক্তি কোন নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

(৯) কার্যনির্বাহী পরিষদ এর নির্বাচনে চুড়ান্ত প্রার্থিতা ঘোষণার পর এবং নির্বাচন অনুষ্ঠানের পূর্বে কোন পদে প্রার্থীতা শুন্য (ভ্যাকেট) হলে উক্ত পদের জন্য নির্বাচিত কার্যনির্বাহী পরিষদে সভায় উপস্থিত সদস্যদের ভোটে শূণ্য পদ পূরণ করিতে পারবেন।

(১০) ন্যুনতম ৩০ (ত্রিশ) দিনের নোটিশে নির্বাচন কমিশন নির্বাচনের দিন/তারিখ ধার্য করিয়া নির্বাচনের তফসিল ঘোষণা করিবেন। নির্বাচন কমিশনের কেউ নির্বাচনে প্রার্থী হইতে বা ভোট প্রদান করিতে পারিবেন না। তাহারা কেউ কোন প্রার্থীর প্রস্তাবক বা সমর্থকও হইতে পারিবেন না কিংবা কোন প্রার্থীর পক্ষে প্রচার চালাইতে পারিবেন না।

(১১) কার্যনির্বাহী পরিষদের সকল সদস্য পদ নির্বিশেষে সাধারণত গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

(১২) যদি কোন পদে একাধিক প্রার্থী সমান সংখ্যক ভোট প্রাপ্ত হন সে ক্ষেত্রে নির্বাচন কমিশন পুনরায় ঐ পদে ভোট গ্রহণের মাধ্যমে অথবা লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিয়া বিজয়ীর নাম ঘোষণা করিবেন। এ ক্ষেত্রে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

পরিদর্শিত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

প্রফেঃ মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(১৩) নির্বাচনের তারিখ ঘোষণার অন্তত ১৫ (পনের) দিন পূর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশ করিতে হইবে। সদস্যগণের আপত্তি নিষ্পত্তির পর সংশোধিত চুড়ান্ত ভোটার তালিকা পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে প্রকাশ করিতে হইবে।

(১৪) নির্বাচন কমিশন গঠিত হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে নির্বাচন কমিশন নির্বাচন সম্পন্ন করিবেন। কোন কারণে বর্ধিত সময়ের প্রয়োজন হলে যা কোন ক্রমেই ২ (দুই) মাসের অধিক নয় সে ক্ষেত্রে নির্বাচন কমিশন নির্বাহী পরিষদের অনুমোদন গ্রহণ করিবেন।

## পঞ্চম অধ্যায়
## অর্থ সংক্রান্ত বিষয়াদি

**ধারা-২৩। আয়ের উৎস:**

সমিতির আয়ের উৎস নিম্নরুপ হইবে:

(১) সমিতির সদস্য ফি ও চাঁদা।

(২) বিভিন্ন প্রকার দান ও মঞ্জুরীকৃত অর্থ বা বিশেষ চাঁদা।

(৩) প্রদর্শণী, অনুষ্ঠান, প্রকাশনা ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত অর্থ।

(৪) সমিতির বিবিধ বিষয় হইতে প্রাপ্ত আয়।

**ধারা-২৪। ব্যাংক হিসাব:**

(১) কার্যনির্বাহী পরিষদ দ্বারা অনুমোদিত ঢাকা মহানগরীর প্রথম শ্রেনীর যে কোন ব্যাংকে সমিতির নামে একটি হিসাব পরিচালনা করা হইবে।

(২) সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ এই তিনজনের মধ্যে যে কোন দুইজনের স্বাক্ষরে ব্যাংকের হিসাব পরিচালনা করিবেন।

(৩) ব্যাংক হিসাবের চেক বই, ক্যাশ বই ও কাগজ পত্রাদি কোষাধ্যক্ষের নিকট সংরক্ষিত থাকিবে।

**ধারা-২৫। অর্থ আদায়:**

(১) সমিতিকে দেয় বা সমিতির জন্য সংগৃহীত অর্থের প্রাপ্তি স্বীকারের জন্য ক্রমিক নম্বর যুক্ত রশিদ বই ব্যবহার করা হইবে। কোষাধ্যক্ষ এই সকল রশিদ বইয়ের একটি হিসাব খাতা সংরক্ষণ করিবেন।

(২) কার্যনির্বাহী পরিষদের অনুমোদন ক্রমে সাধারণ সম্পাদকের প্রতিস্বাক্ষরিত প্রাপ্তি রশিদের মাধ্যমে যে কোন সদস্য চাঁদা আদায় করিতে পারিবেন। আদায়কারী সাধারণ সম্পাদকের নিকট হইতে রশিদ বই সংগ্রহ করিবেন এবং আদায়কৃত অর্থ তিন দিনের মধ্যে সাধারণ সম্পাদকের নিকট জমা দিবেন।

(৩) সাধারণ সম্পাদক প্রাপ্ত সমুদয় অর্থ তিন দিনের মধ্যে কোষাধ্যক্ষের নিকট জমা দিবেন। কোষাধ্যক্ষ তিন দিনের মধ্যে উক্ত অর্থ ব্যাংকে জমা দিবেন।

(৪) আদায়কৃত অর্থ যথা সময়ে জমা না দিলে কার্যনির্বাহী পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**ধারা-২৬। অর্থ ব্যয়:**

(১) সমিতির অর্থ কেবলমাত্র সমিতির উদ্দেশ্য বাস্তবায়ণের জন্য ব্যয় করা যাইবে।

(২) সমিতির কাজের সমুদয় খরচ সাধারণ সম্পাদকের মাধ্যমে করা হইবে।

(৩) খরচের জন্য কোষাধ্যক্ষ চেকের মাধ্যমে অর্থ প্রদান করিবেন এবং প্রদত্ত অর্থের হিসাব সংরক্ষণ করিবেন। আদায়কৃত অর্থ হইতে সরাসরি খরচ করা যাইবে না।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

(৪) বাজেট বহির্ভুত কোন খরচের জন্য কার্যনির্বাহী পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে। তবে কার্যনির্বাহী পরিষদকে অবহিত করণ সাপেক্ষে সভাপতি সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকা মঞ্জুর করিতে পারিবেন এবং দৈনন্দিন খরচের জন্য সাধারণ সম্পাদক অনধিক ৫,০০০ (পাঁচ হাজার) টাকা অগ্রিম গ্রহন করিতে পারিবেন।

(৫) অনুমোদিত খরচের জন্য সাধারণ সম্পাদক মঞ্জুরীকৃত অর্থ এককালীন বা কিস্তিতে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন। তবে অগ্রিম সমন্বয় সময়মত করিতে হইবে। ইহা না করিলে কোষাধ্যক্ষ কার্যনির্বাহী পরিষদকে এই বিষয় অবহিত করিবেন এবং প্রয়োজনবোধে এ ধরণের অগ্রিম লেনদেন প্রদানে অসম্মতি জ্ঞাপন করিতে পারিবেন।

(৬) সাধারণ সম্পাদক সকল খরচের হিসাব ও ভাউচার কাষাধ্যক্ষকে খরচের তারিখ থেকে ১৫ (পনের) দিনে মধ্যে প্রদান করিবেন এবং কোষাধ্যক্ষ প্রয়োজনীয় রেজিস্টার সংরক্ষণ করিবেন।

**ধারা-২৭। আয়-ব্যয় হিসাবঃ**

(১) সাধারণ সম্পাদক ত্রৈমাসিক ভিত্তিতি সমিতির আয়-ব্যয়ের বিবরণ প্রস্তুত করিবেন এবং কার্যনির্বাহী পরিষদের সভায় পেশ করিবেন।

(২) প্রয়োজনে সমিতির বাৎসরিক আয়-ব্যয় নিরীক্ষার জন্য কার্যনির্বাহী পরিষদ দুইজন হিসাব নিরীক্ষক নিয়োগ করিবেন বা চার্টার্ড একাউন্টেন্ট ফার্মের সাহায্য গ্রহণ করিবেন।

(৩) সমিতির বাৎসরিক আয়-ব্যয় নিরীক্ষিত বিবরণ কার্যনির্বাহী পরিষদের অনুমোদনসহ বার্ষিক সাধারণ সভায় পেশ করিতে হইবে।

(৪) বার্ষিক আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন ও বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন নিবন্ধীকরণ কর্তৃপক্ষ বরাবরে দাখিল করিতে হইবে।

**ধারা-২৮। সম্পত্তি ক্রয় বিক্রয়ঃ**

সমিতির পক্ষে কোন সম্পত্তির ক্রয়-বিক্রয় বা কোন চুক্তি সম্পাদন করিতে হইলে কার্যনির্বাহী পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্যের অনুমোদন প্রয়োজন হইবে। এতদ্‌সংক্রান্ত দলিলে সমিতির পক্ষে সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষর প্রদান করিবেন।

অনুমোদিত
২৪/৭/১৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

পরিবীক্ষিত

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

প্রকৌ. মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

## ষষ্ঠ অধ্যায়

## অনাস্থা প্রস্তাব, পদত্যাগ পত্র ও সদস্যপদ বাতিল

**ধারা-২৯। অনাস্থা প্রস্তাব:**

কার্যনির্বাহী পরিষদ বা ইহার যে কোন সদস্যের বিরুদ্ধে কারণ দর্শাইয়া অনাস্থা প্রস্তাব আনীত হইলে কার্যনির্বাহী পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্যের লিখিত আবেদন এতদ্‌উদ্দেশ্যে আহুত সাধারণ সভায় পেশ করিতে হইবে। যদি প্রস্তাবটি ঐ পরিষদের ভোটাধিকারী সদস্যের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ট ভোটে গৃহীত হয়, তবে কার্যনির্বাহী পরিষদ বা কর্মকর্তা বা সদস্য স্বাভাবিক ভাবে ক্ষমতাচ্যুত হইবেন।

**ধারা-৩০। পদত্যাগ পত্র:**

(১) কেহ স্থায়ী বা অস্থায়ী ভাবে সমিতির সদস্য পদ প্রত্যাহার করিতে চাইলে সাধারণ সম্পাদকের নিকট লিখিতভাবে পদত্যাগ পত্র দাখিল করিতে পারিবেন। কার্যনির্বাহী পরিষদ বিবেচনা করিয়া উক্ত পদত্যাগ পত্র গ্রহণ করিবেন।

(২) কার্যনির্বাহী পরিষদে কোন সম্পাদক বা সদস্য কার্যনির্বাহী পরিষদ হইতে পদত্যাগ করিতে চহিলে তিনি লিখিতভাবে তাহার কারণ দর্শাইয়া সভাপতির/ সাধারণ সম্পাদকের নিকট পদত্যাগ পত্র দাখিল করিবেন। কার্যনির্বাহী পরিষদ পদত্যাগ বিবেচনা করিয়া উহা গ্রহণ করিলে উক্ত পদ শুন্য বলিয়া বিবেচিত হইবে।

(৩) কার্যনির্বাহী পরিষদ একযোগে পদত্যাগ করিলে পরিষদের সভাপতির অনুপস্থিতিতে সাধারণ সম্পাদক একটি সাধারণ সভায় ইহা পেশ করিবেন। উক্ত সাধারণ সভায় নিয়ম অনুযায়ী নির্বাচন কমিশন গঠিত হবে। নির্বাচন কমিশন যথা নিয়মে নতুন কার্যনির্বাহী পরিষদ গঠনের জন্য অবশ্যই ব্যবস্থা গ্রহণ করিবেন।

**ধারা-৩১। সদস্য পদ বাতিল:**

(১) নিম্নে বর্ণিত কারণে সমিতির সদস্য পদ বাতিল করা হইবে:

(ক) যদি কোন সদস্য সমিতির গঠনতন্ত্র ও সমিতির স্বার্থের পরিপন্থী কোন কাজ করেন;

(খ) যদি কোন সদস্য সমিতির সম্পদ নষ্ট করেন বা টাকা আত্মসাৎ করেন;

(গ) যদি কোন কার্যনির্বাহী পরিষদের কোন সম্পাদক বা সদস্য কর্তব্য পালনের নামে ক্ষমতার অপব্যবহার করেন তবে কার্যনির্বাহী পরিষদ তাহার বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(২) উপরে বর্ণিত কারণের জন্য আনীত লিখিত অভিযোগ ক্রমে কার্যনির্বাহী পরিষদ অভিযুক্ত ব্যক্তির সদস্য পদ সাময়িক ভাবে স্থগিত করিয়া রাখিতে পারিবেন এবং পরবর্তী সাধারণ সভা এ সম্পর্কে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

অনুমোদিত

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

পরিক্ষীত

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

মোঃ মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

## সপ্তম অধ্যায়
## গঠনতন্ত্র সংশোধন

**ধারা-৩২। গঠনতন্ত্র সংশোধনঃ**

(১) কোন সদস্য গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন বা পরিবর্ধনের প্রস্তাব উত্থাপন করিতে চাহিলে কার্যনির্বাহী পরিষদ সভার কমপক্ষে ৫ দিন পূর্বে কমপক্ষে ৫ জন সদস্যের সমর্থিত প্রস্তাব লিখিত আকারে সাধারণ সম্পাদকের নিকট পেশ করিবেন। এইরূপ প্রস্তাব কার্যনির্বাহী পরিষদ বিবেচনা করিয়া মন্তব্য সহকারে বার্ষিক সাধারণ সভায় উত্থাপন করিবেন।

(২) গঠনতন্ত্র পরিবর্তন বা সংশোধন এর জন্য সাধারণ সভায় উপস্থাপিত ভোটাধিকারী সদস্যগণের দুই-তৃতীয়াংশের অনুমোদন প্রয়োজন হইবে। সংশোধনীর প্রস্তাব ঐ সভার বিষয়সুচীর অন্তর্ভুক্তি হইতে হইবে।

(৩) গঠনতন্ত্রের সংশোধনী নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন গ্রহণের পর কার্যকরী বলে বিবেচিত হইবে।

## অষ্টম অধ্যায়
## জরুরী ব্যবস্থা, নিবন্ধন আইনের বিধি-বিধান ও বিলুপ্তি

**ধারা-৩৩। জরুরী ব্যবস্থাঃ**

(১) যদি কোন অপরিহার্য কারণে যেমন প্রাকৃতির দুর্যোগ ও অন্যান্য জরুরী অবস্থার প্রেক্ষিতে যথা সময়ে কার্যনির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় তবে সমিতির কাজ অব্যাহত রাখার লক্ষ্যে কার্যনির্বাহী পরিষদ উহার কার্যকাল অনধিক তিন মাসের জন্য বর্ধিত করিতে পারিবেন।

(২) উপরোক্ত বর্ধিত সময় কালের মধ্যে কার্যনির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠান করিয়া নতুন কার্যনির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করিতে হইবে।

(৩) নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট কার্যভার হস্তান্তর করিতে ব্যর্থ হইলে বর্তমান কার্যনির্বাহী পরিষদ বিলুপ্ত বলিয়া গন্য হইবে এবং সমিতির পরিচালনার দায়িত্ব উপদেষ্টা পরিষদের উপর ন্যস্ত হইবে। উপদেষ্টা পরিষদ ৩ (তিন) মাসের মধ্যে একটি সভা আহবান করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) উপদেষ্টা পরিষদ ব্যর্থ হইলে নিবন্ধীকরণ কর্তৃপক্ষ আহ্বায়ক কমিটি বা প্রশাসক নিয়োগ প্রদান করে ০৩ (তিন) মাসের মধ্যে একটি অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করিবেন।

**ধারা-৩৪। আইন ও বিধির প্রাধান্যঃ**

অত্র গঠনতন্ত্রে যা কিছু উল্লেখ থাকুক না কেন সংগঠনটি ১৯৬১ সনের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রন) অধ্যাদেশ ও বিধি ১৯৬২ এর আওতায় প্রচলিত আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে। অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকরী হবে।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

পরিদর্শীত

অনুমোদিত
২৪/৭/২৫
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

কাজী মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা

**ধারা-৩৫। বিলুপ্তিঃ**

কোন কারণে সমিতির বিলুপ্তির প্রয়োজন দেখা দিলে সমিতির তিন-পঞ্চমাংশ সদস্যের সিদ্ধান্তক্রমে সমিতির যাবতীয় দায়-দেনা পরিশোধ করে দায় মুক্তির পর বাকী সম্পত্তি জনকল্যাণমূলক কোন প্রতিষ্ঠানকে প্রদান করা যাবে। কোন অবস্থাতেই সদস্যদের মধ্যে বন্টন করা যাইবে না। ইহা এই সমিতির উদ্দেশ্যের অনুরূপ উদ্দেশ্য বিশিষ্ট অন্য কোন সংস্থাকে প্রদান করা যাইতে পারে। এইরূপ কোন সংস্থা না থাকিলে মনিরামপুর উপজেলার কোন দাতব্য প্রতিষ্ঠানকে প্রদান করা যাইবে। উক্ত সম্পত্তি কোথায়, কিভাবে, কাহাকে ও কখন হস্তান্তর করিবেন তাহা বিলুপ্তি সভায় সিদ্ধান্ত গৃহিত হবে।

অনুমোদিত

পরিক্ষীত

(সমাপ্ত)

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ড. মোঃ মিজানুর রহমান
সাধারণ সম্পাদক
মনিরামপুর সমিতি, ঢাকা

মোহাম্মদ ইকবাল কবীর মোল্লা
সভাপতি
মনিরামপুর সমিতি, ঢাকা